

মালদ্বীপপ্রজাতন্ত্রের রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

01লা ডিসেম্বর, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী সংযুক্ত আরব আমিরাতে কপ-২৮ শীর্ষ সম্মেলনের ফাঁকে ০১ ডিসেম্বর ২০২৩ তারিখে মালদ্বীপ প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি ডঃ মোহাম্মদ মুইজ্জুর সঙ্গে সাক্ষাৎ করেন।

২. প্রধানমন্ত্রী রাষ্ট্রপতি মুইজ্জুকে তার দায়িত্ব গ্রহণের জন্য অভিনন্দন জানান।

৩. দুই নেতা দু'দেশের জনগণের মধ্যে যোগাযোগ, উন্নয়ন সহযোগিতা, অর্থনৈতিক সম্পর্ক, জলবায়ু পরিবর্তন এবং খেলাধুলাসহ বিস্তৃত দ্বিপাক্ষিক সম্পর্ক পর্যালোচনা করেন। দুই নেতা তাদের অংশীদারিত্বকে আরও গভীর করার উপায় নিয়েও আলোচনা করেন। এ বিষয়ে তারা একটি কোর গ্রুপ গঠনে সম্মত হন।

দুবাই

01লা ডিসেম্বর, 2023